সংবাদ

তারিখ ... 20 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... 2 ......

# ইবিতে প্রতি আসনে পরীক্ষার্থী ৩৯

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় এবছর আসন প্রতি প্রতিদ্বন্দ্বিতা করবেন ৩৯ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার থেকে প্রাপ্ত তথ্য থেকে এ বিষয়ে নিশ্চিত হওয়া গেছে। এ বছর মোট ১৬৯৫টি আসনের বিপরীতে ৬৪৭৮০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেছেন। ক্যাম্পাস ও কম্পিউটার সেন্টার সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার আবেদন গত ১৩ অক্টোবর থেকে শুরু হয়ে চলে ১৫ অক্টোবর পর্যন্ত। ভর্তি পরীক্ষা আগামী ১৫ অক্টোবর শুরু হয়ে চলবে ১৯ নভেম্বর পর্যন্ত। এ বছর বিশ্ববিদ্যালয়ের ৮টি ইউনিটে ২৫টি বিভাগে ১৬৯৫টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ৬৪ হাজার ৭৮০টি। সে হিসেবে প্রতিটি আসনের বিপরীতে ৩৯ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে। এছাড়া ইউনিট ভিত্তিক হিসেবে দেখা গেছে 'এ' ইউনিটে ২৪০ টি আসনের বিপরীতে আবেদন করেছেন ২১৫৯ জন। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে পরীক্ষায় অংশ নিবে ৯ জন ভর্তিচ্ছু। 'বি' ইউনিটে ৩২০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১৪২৮০ জন। 'বি' ইউনিটে একটি আসনের জন্য লড়বে ৪৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। 'সি' ইউনিটে ২২৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১২৯৬৬ জন। সি ইউনিটে প্রতি আসনের বিপরীতে ভর্তি যুদ্ধে অংশ নিবে ৫৮ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। 'ডি' ইউনিটে ১৩৫ আসনের বিপরীতে আবেদন করেছেন ৪৪৯৪ জন। ডি ইউনিটে প্রতি আসনের জন্য লড়বে ৬৬ জন শিক্ষার্থী। 'ই' ইউনিটে ১৩৫ আসনের বিপরীতে আবেদন করেছেনন ৯২০৫ জন। 'ই' ইউনিটে প্রতি আসনে সর্বোচ্চ সংখ্যক ৬৯ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী ভর্তি যুদ্ধে অংশ নিবেন। 'এফ' ইউনিটে ১০০ আসনের বিপরীতে ২০১০ জন আবেদন করেছেন। এফ ইউনিটে একটি আসনের বিপরীতে ২১ জন পরীক্ষায় অংশ নিবেন। 'জি' ইউনিটে ৩০০ আসনের বিপরীতে আবেদন করেছেন ৯৬৬১ জন। জি ইউনিটে প্রতি আসনে লড়বে ৩৩ জন ভর্তিচ্ছু। 'এইচ' ইউনিটে ১৪০ টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছেন ৫৬০১ জন ভর্তিচ্ছু। এইচ ইউনিটে প্রতি আসনের বিপরীতে ভর্তি যুদ্ধে অংশ নিবেন ৪০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।